**আর্থিক সহায়তা নীতিমালা – সহজ ভাষায় সারসংক্ষেপ**

অ্যাটলানটিকেয়ার রিজিওনাল মেডিকেল সেন্টারের (ARMC) আর্থিক সহায়তা নীতি/কর্মসূচিটি (FAP)যোগ্য রোগীদের জন্য ARMC এবং একটি উল্লেখযোগ্যভাবে সম্পর্কিত প্রতিষ্ঠান (IRS-এর সংজ্ঞা অনুযায়ী) কর্তৃক প্রদত্ত জরুরি বা অন্যান্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় স্বাস্থ্যসংক্রান্ত পরিষেবাগুলি আংশিক বা সম্পূর্ণ ছাড়ে প্রদানের উদ্দেশ্যে বিদ্যমান। ARMC এবং এর সাথে উল্লেখযোগ্যভাবে সম্পর্কিত যেকোনো প্রতিষ্ঠানকে অতঃপর ARMC হিসাবে উল্লেখ করা হবে। আর্থিক সহায়তাপ্রার্থী রোগীদের অবশ্যই কর্মসূচিটির জন্য আবেদন করতে হবে, যার সংক্ষিপ্ত বিবরণ এখানে দেওয়া হলো।

<u>যোগ্য পরিষেবা</u> - ARMC কর্তৃক প্রদত্ত এবং ARMC দ্বারা ধার্যমূল্যের জরুরি বা অন্যান্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় স্বাস্থ্যসংক্রান্ত পরিষেবা। FAP শুধুমাত্র ARMC কর্তৃক ধার্যমূল্যের পরিষেবাগুলির ক্ষেত্রেই প্রযোজ্য। অন্যান্য পরিষেবা, যেগুলোর জন্য অন্য পরিষেবা প্রদানকারীরা—যেমন চিকিৎসক বা ল্যাবরেটরি আলাদাভাবে মূল্য ধার্য করে থাকে, সেগুলো FAP এর আওতায় যোগ্য নয়।

<u>যোগ্য রোগী</u>- যেসব রোগী যোগ্য পরিষেবা গ্রহণ করেন, তাঁদের সম্পূর্ণ আর্থিক সহায়তা আবেদনপত্র (সংশ্লিষ্ট নথি/তথ্যসহ) জমা দিতে হয়, এবং তাঁদেরকে ARMC কর্তৃক আর্থিক সহায়তার জন্য যোগ্য হিসেবে নির্ধারণ করা হয়।

<u>আবেদন করার পদ্ধতি</u> – FAP এবং সংশ্লিষ্ট আবেদনপত্র নিম্নলিখিত উপায়ে সংগ্রহ/পূরণ/জমা করা যেতে পারে:

- হাসপাতাল চত্বরের মধ্যে যেকোনো নিবন্ধন কেন্দ্রে, অথবা পূর্বনির্ধারিত সাক্ষাতের সময় (অ্যাপয়েন্টমেন্ট) ছাড়াই নিম্নলিখিত যেকোনো স্থানে:
    - **ARMC, City Campus 1925 Atlantic Ave, Atlantic City, NJ, 08401. সোমবার থেকে শুক্রবার সকাল 7:30 থেকে বিকাল 4:00 পর্যন্ত। শনিবার ও রবিবার সকাল 8:00 থেকে 12:00 পর্যন্ত** 1ম তলায় যান – কফি শপের বিপরীত দিকে, এবং আর্থিক সহায়তা বিভাগে যাওয়ার জন্য নির্দেশনা অনুসরণ করুন।
    - **ARMC Mainland Campus, 65 W. Jimmie Leeds Rd., Pomona, NJ, 08240. সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00টা থেকে বিকাল 4:00টা শনিবার ও রবিবার সকাল 8:00টা থেকে দুপুর12:00টা।**হাসপাতালের লবিতে অবস্থিত তথ্য কেন্দ্রে যান এবং আর্থিক সহায়তা বিভাগ সম্পর্কে জিজ্ঞাসা করুন।
    - **হ্যামন্টনে ARMC হেলথ পার্ক, 219 N. White Horse Pike, Hammonton, NJ, 08037 সোমবার থেকে শুক্রবার, সকাল 8 টা থেকে বিকাল 4 টা পর্যন্ত।**জরুরি কক্ষ বিভাগের রেজিস্ট্রেশন ডেস্কে গিয়ে আর্থিক সহায়তা বিভাগের খোঁজ করুন।
- আপনাকে ডাকযোগে নথি পাঠানোর অনুরোধ করতে ARMC - এর বিজনেস অফিস কাস্টমার সার্ভিসে 609-272-2500 নম্বরে ফোন করুন।
- ডাকযোগে নথিপত্র পাঠানোর জন্য অনুরোধ করুন এই ঠিকানায় : ARMC, Attn Financial Counselors, 1925 Pacific Avenue Atlantic City, NJ 08401.
- ইমেলের মাধ্যমে নথিপত্র পাঠানোর জন্য অনুরোধ করুন, এখানে: Financial Counselors Financial Counselors@groups.atlanticare.org
- মোবাইল আপলোডের জন্য লিংক: Financial Counselors FinancialCounselors@groups.atlanticare.org
- সম্পূর্ণ আবেদনপত্র (আবেদনের নির্দেশাবলীতে উল্লিখিত সমস্ত নথি/তথ্য সহ) এই ঠিকানায়: ARMC, Attn Financial Counselors, 1925 Pacific Avenue Atlantic City, NJ 08401 ডাকযোগে পাঠান অথবা উপরে উল্লেখিত মোটা অক্ষরে লেখাস্থানগুলোতে ব্যক্তিগতভাবে পৌঁছে দিন।

<u>আর্থিক সহায়তার যোগ্যতা নির্ধারণ</u> –সাধারণত, যোগ্য ব্যক্তিরা আর্থিক সহায়তা পাওয়ার জন্য যোগ্য হন যখন তাঁদের পারিবারিক আয় ফেডারেল সরকারের ফেডারেল পোভার্টি গাইডলাইনস (FPG)-এর 400% বা তার নিচে থাকে। <u>আর্থিক সহায়তার জন্য যোগ্যতার অর্থ হলো, যোগ্য ব্যক্তিদের জন্য যোগ্য পরিষেবাগুলির আওতায় শুশ্রূষার খরচ সম্পূর্ণ বা আংশিকভাবে বহন করা হবে, এবং বিমাকৃত ব্যক্তিকে "সাধারণত যে পরিমাণ অর্থ বিল"(AGB) করা হয় তার চেয়ে বেশি বিল করা হবে না (AGB, যা ইন্টারনাল রেভিনিউ সার্ভিস কর্তৃক IRC ধারা 501(r) এ সংজ্ঞায়িত)।</u> শুধুমাত্র পারিবারিক আয় এবং FPG-এর ওপর ভিত্তি করে আর্থিক সহায়তার স্তরসমূহ হলো:

- পারিবারিক আয় যদি FPG-র 0% থেকে 300% এর মধ্যে হয়, তবে সম্পত্তির আবশ্যকতা পূরণ করতে হবে। পূর্ণ আর্থিক সহায়তা; রোগীর জন্য ধার্যমূল্য $0।
- পরিবারের আয় FPG - র 300 থেকে 400% এর মধ্যে। আংশিক আর্থিক সহায়তা; রোগীর জন্য ধার্যমূল্যের সর্বোচ্চ পরিমাণ হলো AGB।
- বিমাবিহীন রোগীকে প্রাপ্ত সকল শুশ্রূষার জন্য AGB অথবা মেডিকেয়ারের 115% এর মধ্যে যেটি কম, সেই অনুযায়ী মূল্য ধার্য করা হবে।

দ্রষ্টব্য: FPG ছাড়াও অন্যান্য মানদণ্ড বিবেচনা করা হয় (যেমন, নগদ অর্থ বা নগদে রূপান্তরযোগ্য অন্যান্য সম্পদের প্রাপ্যতা, এবং মাসিক পারিবারিক খরচের চেয়ে অতিরিক্ত মাসিক নীট আয়), যার ফলে উপরোক্ত নিয়মগুলির ব্যতিক্রম হতে পারে। পারিবারিক আয় জানানো না হলে, দৈনন্দিন চাহিদা কীভাবে মেটানো হয় সে বিষয়ে তথ্য আবশ্যক হবে। ARMC-এর আর্থিক পরামর্শদান এবং গ্রাহক সেবা বিভাগসমূহ পূরণ করে জমা দেওয়া আবেদনপত্র পর্যালোচনা করে এবং ARMC-এর আর্থিক সহায়তা নীতিমালা অনুসারে আর্থিক সহায়তার যোগ্যতা নির্ধারণ করে। অসম্পূর্ণ আবেদনপত্র বিবেচনা করা হয় না, তবে আবেদনকারীদের অবহিত করা হয় এবং অনুপস্থিত নথি/তথ্য জমা দেওয়ার সুযোগ দেওয়া হয়।

ARMC তাদের FAP, FAP আবেদনপত্র এবং FAP-এর সহজ ভাষার সারসংক্ষেপ অন্যান্য ভাষাতেও অনুবাদ করে, যেখানে ARMC কর্তৃক সেবা প্রাপ্ত কমিউনিটির বাসিন্দাদের প্রধান ভাষা সংশ্লিষ্ট জনসংখ্যার 5 শতাংশ বা 1,000 জনের (যেটি কম)প্রতিনিধিত্ব করে—যারা ARMC-এর দ্বারা প্রভাবিত হতে পারে বা যাদের সাথে ARMC-এর সম্মুখীন হওয়ার সম্ভাবনা রয়েছে। অনুবাদিত সংস্করণগুলি অনুরোধের ভিত্তিতে নিচের ঠিকানায় সরাসরি উপস্থিত হয়ে পাওয়া যাবে; এবং ARMC-এর ওয়েবসাইটেও পাওয়া যাবে।

সহায়তা, সহযোগিতা বা কোনো প্রশ্নের জন্য অনুগ্রহ করে কল করুন: ARMC-এর বিজনেস অফিস কাস্টমার সার্ভিসে 609-272-2500 নম্বরে; অথবা উপরে উল্লেখিত মোটা অক্ষরে লেখা যেকোনো স্থানে যান।